অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/17/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ক্যাটালিটিক কনভার্টার ও অটো চুরির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য গভর্নর হোকলের নতুন পদক্ষেপ গ্রহণের ঘোষণা

স্টেট পুলিশকে আইন প্রয়োগ জোরদার করতে, আন্তঃস্টেট সমন্বয় বৃদ্ধি করতে, এবং চুরির ঘটনা বেশি ঘটছে এমন এলাকাগুলোর আইন প্রয়োগকারী সংস্থার সঙ্গে অংশীদার হয়ে কাজ করতে নির্দেশ দিয়েছেন

আইন (S.9428/ A.1940-E) স্বাক্ষর করেছেন যা ক্যাটালিটিক কনভার্টার ক্রয়, বিক্রয়, মালিকানায় রাখার উপর বিধিনিষেধ আরোপ করছে

লাইসেন্স প্লেট রিডার, সার্ভেইল্যান্স ক্যামেরা, চুরি-প্রতিরোধী অন্যান্য প্রযুক্তির জন্য 20 মিলিয়ন ডলারের তহবিল অ্যাক্সেস করতে স্থানীয় সরকারগুলোর প্রতি সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন

গভর্নর ক্যাথি হোকল আজ অননুমোদিত এবং বেআইনি যানবাহন ডিসম্যান্টল করার দোকান বা "চপ শপ" গুলোকে টার্গেট করে অধিক চুরির ঘটনা ঘটছে এমন এলাকাগুলোতে যানবাহন ও ক্যাটালিটিক কনভার্টার চুরির বিরুদ্ধে আন্তঃসংস্থাভিত্তিক আইন প্রয়োগ বৃদ্ধি করতে নতুন পদক্ষেপ গ্রহণের ঘোষণা দিয়েছেন। এছাড়াও গভর্নর ক্যাটালিটিক কনভার্টার চুরি মোকাবেলা করার জন্য আইন (S.9428/ A.1940-E) স্বাক্ষর করেছেন, যা যানবাহন ডিসম্যান্টলকারী বা স্ক্র্যাপ প্রক্রিয়াকারকদের দ্বারা ক্যাটালিটিক কনভার্টার ক্রয়, বিক্রয়, ও মালিকানায় রাখার উপর বিধিনিষেধ আরোপ করছে।

"জন নিরাপত্তা আমার জন্য শীর্ষ অগ্রাধিকার, এবং অপরাধীদের ক্যাটালিটিক কনভার্টার চুরি করা প্রতিরোধ করার জন্য আমরা একটি আগ্রাসী, টার্গেটকৃত পদক্ষেপ গ্রহণ করছি," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের স্টেট ও দেশব্যাপী ক্যাটালিটিক কনভার্টার চুরি হওয়া ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে, এবং এসব সমন্বিত পদক্ষেপ নিউ ইয়র্কবাসীদেরকে এবং তাদের সম্পত্তি নিরাপদ রাখা, আমাদের কমিউনিটিগুলোকে সুরক্ষিত রাখা এবং অপরাধের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য আমাদের প্রচেষ্টাগুলো দ্বিগুণে উন্নীত করছে।"

ক্যাটালিটিক কনভার্টার হচ্ছে একটি যানবাহনের এক্সস্ট সিস্টেমের একটি গুরুত্বপূর্ণ অংশ যেটি ধোঁয়াশার মতো দূষণকারী পদার্থগুলো ভেঙ্গে ফেলে, যেটি করা না হলে সেটি পরিবেশে নির্গত

হয়ে যেত। ক্যাটালিটিক কনভার্টার চুরি হয়ে যাওয়াটা অটো ডিলারদের জন্য এবং একইসাথে গাড়ি চালক জনসাধারণের জন্য ব্যয়বহুল পরিস্থিতি তৈরি করছে। চুরি করার সময়ে ক্ষতি হওয়া যানবাহনের আন্ডারক্যারেজ, ফুয়েল লাইন, ও ইলেক্ট্রিক লাইন মেরামত করার জন্য একটি চুরি যাওয়া কনভার্টার প্রতিস্থাপন করতে একজন ডিলারের 2,000 ডলার থেকে 3,000 ডলার পর্যন্ত খরচ হয়ে থাকে।

এই স্টেটব্যাপী সমস্যা মোকাবেলায় আন্তঃসংস্থাভিত্তিক সহযোগিতা ও আইন প্রয়োগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) এবং নিউ ইয়র্ক স্টেটের মোটর যান বিভাগকে (Department of Motor Vehicles) অধিক চুরির ঘটনা ঘটছে এমন এলাকাগুলোতে তদন্ত ও ধর-পাকড় বৃদ্ধি করার জন্য স্থানীয়, স্টেট, ও ফেডারেল আইন প্রয়োগকারী সংস্থার সঙ্গে তাদের বিদ্যমান অংশীদারিত্বকে কাজে লাগানোর নির্দেশ প্রদান করা হয়েছে। এসব তদন্তে প্রায় ক্ষেত্রেই এমন সংঘবদ্ধ চুরির কার্যক্রম দেখা যায় যেগুলো স্টেটের সীমা অতিক্রম করেছে।

নিউ ইয়র্ক সিটিতে, নিউ ইয়র্ক পুলিশ বিভাগ প্রাথমিক পর্যায়ে রিপোর্ট করেছিল যে 2022 সালে ক্যাটালিটিক কনভার্টার চুরির ঘটনা প্রায় চারগুণ বৃদ্ধি পেয়েছে। 14 আগস্ট পর্যন্ত এই সিটিতে 5,548টি ক্যাটালিটিক কনভার্টার চুরির ঘটনা ঘটেছে, অন্যদিকে 2021 সালে একই সময়কালে এই সংখ্যা ছিল 1,505টি।

এবছর নাসাউ কাউন্টিতে ক্যাটালিটিক কনভার্টার চুরির ঘটনা 248 শতাংশে গিয়ে পৌঁছেছে বলে রিপোর্ট করা হয়েছে। এছাড়াও সাফোক কাউন্টিতে এবছর ক্যাটালিটিক কনভার্টার চুরির প্রায় তিন গুণ ঘটনা ঘটেছে। রিপোর্টের তথ্য অনুযায়ী, নাসাউ কাউন্টিতে গত বছর 445টি ক্যাটালিটিক কনভার্টার চুরি হয়েছে, এবং এবছর মোট 1,549টি কনভার্টার চুরি হয়েছে। সাফোক কাউন্টিতে 2021 সালে 289টি কনভার্টার চুরি হয়েছিল এবং এবছর 2022 সালে এখন পর্যন্ত 819টি চুরি হয়েছে।

বিমা কোম্পানিগুলোর কাছে রিপোর্টকৃত অপরাধগুলো ট্র্যাককারী ন্যাশনাল ইন্স্যুরেন্স ক্রাইম ব্যুরো (National Insurance Crime Bureau)-এর তথ্যমতে ক্যাটালিটিক কনভার্টার চুরির রিপোর্টকৃত সংখ্যা 2018 সালের আনুমানিক 1,300টি থেকে 2021 সালে 52,000টিতে উন্নীত হয়েছে - যা 2019 সাল থেকে প্রায় 1,215 শতাংশ বেশি।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব মোটর ভেহিকেলের (Department of Motor Vehicles) কমিশনার, মার্ক জে. এফ. শ্রোয়েডার বলেন, "ক্যাটালিটিক কনভার্টার চুরির এই সমস্যাটি মোকাবেলার জন্য আমরা কয়েকটি দিক থেকে নিরলসভাবে কাজ করে যাচ্ছি। আমরা এচিং কিট বিতরণ করার মাধ্যমে এসব চুরির ঘটনা মোকাবেলা করতে আইন প্রয়োগকারী সংস্থা এবং অটো ডিলারশিপ শিল্পখাতে আমাদের অংশীদারদের সঙ্গে নিবিড়ভাবে কাজ করছি। ভোক্তাদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে এবং তাদেরকে নিজেদের যানবাহনগুলো চুরির বিরুদ্ধে সুরক্ষিত রাখার উপায় সম্পর্কে শিক্ষাদান করতে আমরা নিউ ইয়র্ক স্টেটজুড়ে প্রেস কনফারেন্স আয়োজন করেছি এবং আয়োজন করা চালিয়ে যাবো।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের ফার্স্ট ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট স্টিভেন এ. নিগ্রেলি বলেন, "এই ক্রমবর্ধমান সমস্যা মোকাবেলায় গভর্নরের সহায়তাকে আমরা সাধুবাদ জানাই। স্টেট পুলিশ স্থানীয়, স্টেট ও ফেডারেল পর্যায়ে আমাদের আইন প্রয়োগকারী সংস্থার অংশীদারদের সঙ্গে পুরোপুরিভাবে সম্পৃক্ত রয়েছে, এবং অটো ও ক্যাটালিটিক কনভার্টার চুরি বৃদ্ধি পাওয়ার জন্য দায়ী অপরাধী সংগঠনগুলোকে পরাস্ত করার জন্য প্রয়োজনীয় সংস্থানগুলো প্রদান করতে অঙ্গীকারাবদ্ধ রয়েছে।"

<u>ক্যাটালিটিক কনভার্টার চুরি বিষয়ক বিল</u>

গভর্নর আইন (S.9428/ A.1940-E) স্বাক্ষর করেছেন, যেটি ক্যাটালিটিক কনভার্টারকে যানবাহনের একটি প্রধান কম্পোনেন্ট পার্ট হিসেবে যোগ করার জন্য যানবাহন ও ট্রাফিক আইন সংশোধন করছে, যা যানবাহন ডিসম্যান্টলকারীদের জন্য সেগুলোর রেকর্ড রক্ষণাবেক্ষণ করা আবশ্যক করছে। প্রতি 60 দিন অন্তর, সেসব ব্যবসা প্রতিষ্ঠানকে অবশ্যই এই সময়ের মধ্যে গৃহীত ক্যাটালিটিক কনভার্টারের সংখ্যা রিপোর্ট করতে হবে। অনুরোধ করার পর এসব রেকর্ড রক্ষণাবেক্ষণ করতে বা উপস্থাপন করতে ব্যর্থ হওয়া একটি ক্লাস এ অপরাধ হিসেবে বিবেচ্য হবে এবং কথিত চুরি যাওয়া কনভার্টার কম্পোনেন্ট গ্রহণ করার মাধ্যমে উপার্জিত অর্থের দ্বিগুণ পরিমাণ পর্যন্ত আর্থিক দণ্ড আরোপ করা হতে পারে। সেইসাথে, নতুন মোটরযান ডিলার এবং অন্যান্য যোগ্যতাসম্পন্ন ডিলারের জন্য কম্পোনেন্টগুলোতে একটি অনন্য সিরিয়াল নম্বর বসানোর জন্য ক্যাটালিটিক কনভার্টার এচিং কিটের স্টক রাখা আবশ্যক হবে যাতে ক্যাটালিটিক কনভার্টার চুরি হয়ে গেলে সেগুলো ট্র্যাক করা যায়। এসব কিট, কিটের জন্য নির্ধারিত মূল্যের মধ্যে প্রদান করা হবে।

স্টেট সিনেটর ডিয়ান স্যাভিনো বলেন, "এই অতি গুরুত্বপূর্ণ আইনের ব্যাপারে তাদের সাহায্যের জন্য আমি গভর্নর হোকল, আমার অ্যাসেম্বলি সহকর্মী ও বিলের পৃষ্ঠপোষক অ্যাসেম্বলিওমেন বাটেনস্কন, এবং সিনেটর অ্যাডাবো ও কেনেডিকে ধন্যবাদ জানাতে চাই। সৌভাগ্যবশত, অধিকাংশ লোকের জন্য ক্যাটালিটিক কনভার্টার কী সেটা জানার প্রয়োজন হয় না - যদি না আপনি কোনো গাড়ি চালানোর চেষ্টা করেন এবং সেই গাড়িতে এটি না থাকে। এখানে আমরা যেটা করছি তা হলো ক্যাটালিটিক কনভার্টার চুরির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা, যার জন্য যেসব কম্পোনেন্ট সম্পর্কে রিপোর্ট করা আবশ্যক সেগুলোর তালিকায় ক্যাটালিটিক কনভার্টারকে যোগ করা আবশ্যক, এবং স্ক্র্যাপ মেটাল ডিলার, স্ক্র্যাপ প্রক্রিয়াকারক, ও অন্যান্য, এবং ভ্রাম্যমাণ ডিলারদের উপর নতুন নিয়ন্ত্রণ আরোপ করা, যাতে আমরা এই সমস্যা সমাধান করতে পারি। আবারো, আমি গভর্নরকে এবং আমার সহকর্মীদেরকে ধন্যবাদ জানাই - এটি একটি জাতীয় সমস্যা, এবং আমি গর্বিত যে নিউ ইয়র্ক ক্যাটালিটিক কনভার্টার চুরি প্রতিরোধের ব্যাপারে নেতৃত্ব দিচ্ছে।"

অ্যাসেম্বলি সদস্য ম্যারিঅ্যান বাটেনসন বলেন, "আজ A 1940e স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই যেটি আইন প্রয়োগকারী সংস্থা এবং DMV-কে আমাদের কমিউনিটিকে সুরক্ষিত রাখার জন্য আরো বেশি সংস্থান ও হাতিয়ার প্রদান করবে। এই আইন চোরদের জন্য উপকরণগুলো পুনরায় বিক্রি করে দেওয়ার সুযোগ প্রতিরোধ করতে ক্যাটালিটিক কনভার্টারের জন্য অপরিহার্য রেকর্ড সংরক্ষণ ও নথিপত্র রক্ষণাবেক্ষণ নিশ্চিত করবে।"

হান্টিংটনে ক্যাটালিটিক কনভার্টার চুরির ঘটনার একজন ভুক্তভোগী এরিক টেনার বলেন, "ঠিক আমার বাড়ির বাইরে থেকে ক্যাটালিটিক কনভার্টার চুরি হওয়ার ঘটনার একজন ভুক্তভোগী হিসেবে, এই সমস্যার বিরুদ্ধে লড়াই করার জন্য তার প্রচেষ্টাগুলো জোরদার করার এই সময়ে গভর্নর হোকলের পাশে থাকতে পেরে আমি গর্বিত। এই তড়িৎ পদক্ষেপ গ্রহণের মতো নেতৃত্বই আমাদের প্রয়োজন, এবং আজকের এই দিনকে বাস্তবে পরিণত করার জন্য যারা অবদান রেখেছেন তাদের সবার প্রতি আমি কৃতজ্ঞ। একসঙ্গে আমরা আমাদের কমিউনিটিগুলোকে অধিকতর নিরাপদ এবং আরো বেশি সুরক্ষিত বোধ করতে সাহায্য করতে পারবো।"

এছাড়াও গভর্নর অপরাধ সমাধান, কমিয়ে আনা, এবং প্রতিরোধ করার জন্য নতুন প্রযুক্তিগুলোতে বিনিয়োগ করার জন্য স্থানীয় পুলিশ ডিপার্টমেন্ট এবং শেরিফ'স অফিসগুলোকে সাহায্য করতে 20 মিলিয়ন ডলার লভ্য রয়েছে বলে ঘোষণা দিয়েছেন। ডিসেম্বরের মাঝামাঝি সময়ে, নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services) প্রযুক্তি সংক্রান্ত অনুরোধগুলোর জন্য আবেদন আহবান করবে, যার মধ্যে লাইসেন্স প্লেট রিডার, মোবাইল ও ফিক্সড সার্ভেইল্যান্স ক্যামেরা, মানবহীন এরিয়াল ভেহিকেল, গানশট ডিটেকশন ডিভাইস, প্যাট্রল ভেহিকেল ও অফিসারদের জন্য স্মার্ট সরঞ্জাম, এবং অন্যান্য জন নিরাপত্তা সরঞ্জাম অন্তর্ভুক্ত রয়েছে। এই প্রোকিউরমেন্টকে অবহিত করার জন্য, পুলিশ ডিপার্টমেন্ট এবং শেরিফ'স অফিসগুলোর কোন ধরনের প্রযুক্তি প্রয়োজন সেই তথ্য চেয়ে DCJS অনুরোধ জানিয়েছে; সংস্থাটি 18 নভেম্বর, 2022 তারিখ পর্যন্ত জবাবগুলো গ্রহণ করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418